



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পটুয়াখালী সদর।
www.sadar.patuakhali.gov.bd



স্মারক নং-০৫.১০.৭৮৯৫.০০২.১১.১১৭.২২-

৮৭

তারিখ : ২৪.০১.২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী জেলার লোহালিয়া ইউনিয়ন পরিষদে “ মহল্লাদার ” এর শূন্য পদে নিয়োগের নিমিত্ত পটুয়াখালী জেলার লোহালিয়া ইউনিয়নের ০৯ নম্বর ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
মহল্লাদার	০১(এক) টি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্তাবলী:

- ১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও পটুয়াখালী জেলার লোহালিয়া ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আগ্রহী প্রার্থীগণকে স্পষ্টাক্ষরে লিখিত আবেদন করতে হবে।
- ৩। আবেদনপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে আগামী ২৪.০২.২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী বরাবর সরকারি ডাকযোগে বা সরাসরি আবেদন পৌছাতে হবে।
- ৪। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রশ্মি ছবি আবেদনের সাথে লাগাতে হবে। ছবিতে প্রার্থীর নাম লিখতে হবে।
- ৫। প্রার্থীর বয়স ২৪.০২.২০২২ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৬। আবেদনের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, বিশেষ কোটার ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদপত্র, পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত/সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

জালাল আরা নাহিদ
উপজেলা নির্বাহী অফিসার
পটুয়াখালী সদর।

মোবাইল : ০১৭৩৩৩৩৪১৪৩

unopatuakhali@mopa.gov.bd

স্মারক নং-০৫.১০.৭৮৯৫.০০২.১১.১১৬.২২-

৮৭

তারিখ : ২৪.০১.২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ০২। অফিসার-ইন-চার্জ, পটুয়াখালী সদর থানা, পটুয়াখালী।
- ০৩। চেয়ারম্যান, লোহালিয়া ইউনিয়ন পরিষদ, পটুয়াখালী সদর। বিজ্ঞপ্তি জঁর ইউনিয়ন তথ্য বাতায়নে দেয়ার অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার
পটুয়াখালী সদর।